জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া,জামালপুর
pbs.jamalpur.gov.bd

নম্বর ২৭.১২.৩৯৩৬.৫২৩.০১.০০৮.২১.১৯০১

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭
১১ এপ্রিল ২০২১

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: **নিলাম দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।**

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি ও শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিম্নবর্ণিত অকেজো ও ব্যবহার অযোগ্য লৌহ জাতীয় হার্ডওয়্যার মালামাল, সিটি/পিটি ও মিটার জাতীয় মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

<table>
<tr><th rowspan="2">প্যাকেজ নং</th><th rowspan="2">বিবরণ</th><th colspan="2">পরিমাণ</th><th rowspan="2">দরপত্র দলিলের মূল্য (টাকা)</th><th rowspan="2">আর্নেস্ট মানি (টাকা)</th><th rowspan="2">দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী</th><th rowspan="2">দরপত্র গ্রহণের সময়সূচী</th><th rowspan="2">দরপত্র খোলার সময়সূচী</th></tr>
<tr><th>জামালপুর পবিস</th><th>শেরপুর পবিস</th></tr>
<tr><td>নিলাম-১</td><td>হার্ডওয়্যার মালামাল (লৌহ, গাইওয়ার, টুলস, গাই গ্রীপ ও স্টিল জাতীয়)</td><td>১৩২৯২.৯৬ কেজি</td><td>২৯৫১৭ কেজি</td><td rowspan="10">১০০০.০০</td><td rowspan="10">দাখিলকৃত মোট মূল্যের ২৫%</td><td rowspan="10">১১/০৪/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৫/০৪/২০২১ খ্রিঃ তারিখ রবিবার পর্যন্ত</td><td rowspan="10">২৬/০৪/২০২১ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত</td><td rowspan="10">২৬/০৪/২০২১ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:০৫ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td rowspan="9">নিলাম-২</td><td>একফেজ এনালগ মিটার (জে-১, জে-১৬)</td><td>১০১০২ টি</td><td>১৩৬৭ টি</td></tr>
<tr><td>তিনফেজ ডিজিটাল মিটার (জে-২, ৩, ৪)</td><td>২৮৬ টি</td><td>৬৪ টি</td></tr>
<tr><td>একফেজ ডিজিটাল মিটার (জে-৩৯)</td><td>১৮৩৩৮ টি</td><td>৬২০৮ টি</td></tr>
<tr><td>ট্রান্সফরমার তেলের খালি ড্রাম</td><td>৫০ টি</td><td>-</td></tr>
<tr><td>জি-১২ (পিটি)</td><td>০৩ টি</td><td>০২টি</td></tr>
<tr><td>জি-১৫ (সিটি)</td><td>০৩ টি</td><td>০৩টি</td></tr>
<tr><td>জি-২৩ (সিটি ৩৩ কেভি)</td><td>০৪ টি</td><td>০১টি</td></tr>
<tr><td>জি.এস-১ (পিটি-৩৩ কেভি)</td><td>০২ টি</td><td>-</td></tr>
<tr><td>জি.এস-৩ (সিটি ৩৩ কেভি)</td><td>০১ টি</td><td>-</td></tr>
</table>

**শর্তাবলীঃ-**

০১। আগ্রহী দরদাতাগণ প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য যে কোন তফসিলি ব্যাংক হতে ছকে উল্লিখিত পরিমাণ টাকার

(অফেরৎযোগ্য) পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সংযুক্ত করতঃ জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে জেনারেল ম্যানেজার এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকুলে জেনারেল ম্যানেজার এর বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে উল্লিখিত পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তর অথবা পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০২। দরদাতাগণ আগামী ২৬/০৪/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির, ভাতশালা, শেরপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৩। প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ ২৬/০৪/২০২১খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-১২২৯ ও জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির, ভাতশালা, শেরপুর এর সদর দপ্তরে খোলা হবে।

০৪। সংশ্লিষ্ট প্যাকেজের প্রতিটি আইটেমের বিপরীতে দর উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে। দরদাতাগণ একটি/একাধিক প্যাকেজের বিপরীতে দর দাখিল করতে পারবেন।

০৫। দরপত্রের খামের উপরে নিলাম প্যাকেজ নং, মালামালের নাম উল্লেখ করতে হবে। প্রতিটি প্যাকেজের দরপত্র পৃথকভাবে মূল্যায়ন করা হবে।

০৬। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে দর প্রদান পূর্বক সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। সাদা কাগজে পূর্ণ ঠিকানা (মোবাইল নম্বরসহ) লিপিবদ্ধ করতঃ খামে সীলগালা ব্যবহার করতে হবে।

০৭। মালামাল নিলামে ক্রয়ের জন্য উদ্ধৃত মোট দরের ২৫% অর্থ আর্নেস্ট মানি হিসেবে ব্যাংক-ড্রাফট/পে-অর্ডার আকারে জামালপুর পবিস এবং শেরপুর পবিস এর অনুকুলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধপূর্বক জামালপুর পবিস এবং শেরপুর পবিস হতে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানপূর্বক মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেস্ট মানির সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।


০৮। সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত মোট দরের উপর ভ্যাট ও ট্যাক্স পরিশোধ করতে হবে।

০৯। আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করলে দরপত্র দাখিলের পূর্বে যে কোন দিন অফিস চলাকালীন সময়ে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির, ভাতশালা, শেরপুর-এ নিলামতব্য মালামাল পরিদর্শন করতে পারবেন।

১০। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এবং শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের ক্ষেত্রে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির-এ লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১২। উল্লিখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্ব স্ব সমিতি কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।



১১-৪-২০২১

প্রকৌশলী মোঃ আলমগীর

জেনারেল ম্যানেজার

ফোন: 098163030

ইমেইল:

jamalpurpbs@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

২) জেলা প্রশাসক/পুলিশ সুপার, জামালপুর/শেরপুর ।

৩) মেয়র, জামালপুর পৌরসভা, জামালপুর/শেরপুর।

৪) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর/শেরপুর ।

৫) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, জামালপুর/শেরপুর।

৬) নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, জামালপুর ।

৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

৮) জেনারেল ম্যানেজার, শেরপুর পবিস ।

৯) এজিএম (প্রশাসন/মানব সম্পদ/অর্থ/সদস্য সেবা/ও এন্ড এম/ই এন্ড সি, জাপবিস।

১০) মেসার্স------------------------- ।

১১) নোটিশ বোর্ড , জামালপুর/শেরপুর পবিস ।

১২) অফিস/মাস্টার কপি ।